# চার ইমামের আকীদাহ (আবূ হানীফা, মালেক, শাফে‘ঈ ও আহমাদ ইবন হাম্বল)

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: যখন তোমাকে জিজ্ঞেস করা হয়, গাইরুল্লাহ এর নামে কসম করার হুকুম কী?

উত্তর: বল, গাইরুল্লাহ এর নামে কসম করা বৈধ নয়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যে কসম করতে চায় সে যেন আল্লাহর কসম করে অথবা চুপ থাকে”। (সহীহ বুখারী) তিনি গায়রুল্লাহ এর নামে কসম করতে নিষেধ করেছেন। যেমন তার বাণীতে এসেছে, “তোমরা তোমাদের পূর্ব-পুরুষ ও তাগুতদের কসম করো না”। (সহীহ মুসলিম) الطواغي শব্দটি طاغوت এর বহুবচন। নবী সাল্লাল্লাহু ওয়া সাল্লাম এটাকে শির্কের অন্তর্ভুক্ত করেছেন। যেমন তিনি বলেছেন, “যে গায়রুল্লাহের নামে কসম করল সে কুফরি করল অথবা শির্ক করল”। তিনি আরো বলেছেন, “যে আমানতের কসম করল সে আমাদের দল ভুক্ত নয়”। হাদীসটি ইমাম আহমদ, ইবনে হিব্বান ও হাকিম সহীহ সনদে বর্ণনা করেছেন।

অতএব মুসলিমগণের উচিত নবী অথবা অলী অথবা সম্মান অথবা আমানত অথবা কা‘বা এবং অন্যান্য মাখলুকের কসম করা থেকে বিরত থাকা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9986

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন